কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা,ঢাকা-১০০০
(সবজি বীজ বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.০৬.০০০০.২৮১.৩৭.০৪৬.২৪.৬৭৪ তারিখঃ ২৬ এপ্রিল ২০২৬।

বিষয়: ২০২৫-২৬ উৎপাদন বর্ষে মানঘোষিত শ্রেণির শীতকালীন পেঁয়াজ বাল্বলেট সংগ্রহ কর্মসূচি।

সবজি বীজ বিভাগের মাধ্যমে ২০২৫-২৬ উৎপাদন বর্ষে ১০ টি বীজ উৎপাদন খামার, ২ টি সবজি বীজ উৎপাদন খামার ও ১টি পাটবীজ খামারের ৪০.০০ একর জমিতে ২০০.০০০ মে.টন মানঘোষিত শ্রেণির পেঁয়াজ বাল্বলেট উৎপাদনের কর্মসূচি জারি করা হয়। মাঠ পরিদর্শন কমিটির প্রতিবেদন বিবেচনায় নিয়ে ২০২৫-২৬ উৎপাদন বর্ষে মানঘোষিত শ্রেণির শীতকালীন পেঁয়াজ বাল্বলেটের সংগ্রহ লক্ষ্যমাত্রা নিম্নবর্ণিতভাবে নির্ধারণ করা হলো।

| পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদনকারী খামার | ফসলের নাম | জাতের নাম | বীজের শ্রেণি | বীজ থেকে বাল্ব উৎপাদন লক্ষ্যমাত্রা (মে.টন) |
|---|---|---|---|---|
| বীজ উৎপাদন খামার, পাথিলা | পেঁয়াজ বাল্বলেট | বারি পেঁয়াজ-৫ | মানঘোষিত | ২.৫০০ |
| বীজ উৎপাদন খামার, গোকুলনগর | পেঁয়াজ বাল্বলেট | বারি পেঁয়াজ-৫ | | ৪.০০০ |
| বীজ উৎপাদন খামার, তাম্বুলখানা | পেঁয়াজ বাল্বলেট | বারি পেঁয়াজ-৪ | | ২৫.০০০ |
| বীজ উৎপাদন খামার, পাংশা | পেঁয়াজ বাল্বলেট | বারি পেঁয়াজ-৪ | | ৬.০০০ |
| বীজ উৎপাদন খামার, টেবুনিয়া | পেঁয়াজ বাল্বলেট | বারি পেঁয়াজ-১ | | ১০.০০০ |
| বীজ উৎপাদন খামার, কুশাডাংগা | পেঁয়াজ বাল্বলেট | বারি পেঁয়াজ-৭ | | ১৯.০০০ |
| বীজ উৎপাদন খামার, মথুরা | পেঁয়াজ বাল্বলেট | বারি পেঁয়াজ-৬ | | ৩.৫০০ |
| বীজ উৎপাদন খামার, ঠাকুরগাঁও | পেঁয়াজ বাল্বলেট | বারি পেঁয়াজ-১ | | ২.৯০০ |
| বীজ উৎপাদন খামার, মেহেরপুর | পেঁয়াজ বাল্বলেট | বারি পেঁয়াজ-৬ | | ৯.০০০ |
| সবজি বীজ উৎপাদন খামার, মেহেরপুর | পেঁয়াজ বাল্বলেট | বারি পেঁয়াজ-৪ | | ৪.৫০০ |
| সবজি বীজ উৎপাদন খামার, রংপুর | পেঁয়াজ বাল্বলেট | বারি পেঁয়াজ-৪ | | ৩.৫৫০ |
| নশিপুর ভিত্তি পাটবীজ উৎপাদন খামার | পেঁয়াজ বাল্বলেট | বারি পেঁয়াজ-৪ | | ১২.৫০০ |
| মোট পেঁয়াজ বাল্বলেট | | | | ১০২.৪৫০ |

২। পেঁয়াজ বাল্বলেট সংগ্রহ লক্ষ্যমাত্রা নির্ধারণে বিবেচ্য বিষয়সমূহ:
ক) বিভিন্ন জাতের পেঁয়াজ বাল্বলেটের সম্ভাব্য প্রাপ্তির পরিমাণ।
খ) মাঠ পরিদর্শন কমিটির প্রতিবেদন।

৩। উৎপাদিত পেঁয়াজ বাল্বলেট, পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার, ফরিদপুরে প্রেরণ করতে হবে।

৪। খামার প্রতিনিধি পেঁয়াজ বাল্বলেট বাছাই করে চূড়ান্তভাবে গৃহীত হওয়া এবং হিমাগারে বাল্ব রাখা পর্যন্ত উপস্থিত থাকতে পারেন। উক্ত সময়ে খামার প্রতিনিধি উপস্থিত না থাকলে পেঁয়াজ বাল্ব সংক্রান্ত কোন ধরনের অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

৫। হিমাগারের দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট উপপরিচালকগণ পেঁয়াজ বাল্ব গ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ নিশ্চিত করবেন।

| ক্র.নং | জাত | প্রতিটি বাল্বের ওজন (গ্রাম) | প্রতি কেজিতে বাল্বের সংখ্যা (টি) |
|---|---|---|---|
| ১ | বারি পেঁয়াজ-১ | ২০-৩০ | ৩৫-৫০ |
| ২ | বারি পেঁয়াজ-৪, ৬, ৭ | ৩০-৪০ | ২৫-৩৫ |

অপৃঃ

** সংগৃহীত বাল্ব যথাযথভাবে কিউরিং করে বাল্বের নেক (neck) এর উপরে ২.৫০ সে. মি. পর্যন্ত রেখে পাতা কাটতে হবে। অত:পর প্রয়োজনীয় প্রক্রিয়াজাতকরণ সম্পন্ন করে পেঁয়াজ বাল্বলেট যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা নিবেন।

৬। পেঁয়াজ বাল্বলেট সংগ্রহের কাজ আগামি ২৫/০৫/২০২৬ ইং তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এ ব্যাপারে সকল কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে উদ্যোগ নিবেন এবং বীজ সংগ্রহের কাজ নিয়মিত মনিটরিং করবেন। বীজ সংগ্রহ ও সংরক্ষণকালীন বীজের মান অক্ষুণ্ণ রাখার জন্য প্রতিটি প্রযুক্তিগত ধাপ যেন সতর্কতার সাথে প্রতিপালিত হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে।

৭। লক্ষ্যমাত্রা অনুযায়ী বাল্বলেট সংগ্রহ ও সংরক্ষণ অগ্রগতি যুগ্মপরিচালক (সবজি বীজ) মনিটর করবেন। বাল্বলেট সংগ্রহ শেষে সংশ্লিষ্ট উপপরিচালকগণ ০৭/০৬/২০২৬ ইং তারিখের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করবেন।

৮। লক্ষ্যমাত্রা অনুযায়ী বীজের গুনগত মান বজায় রেখে বীজ সংগ্রহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

২৬/৪/২৬
( মো. আবীর হোসেন )
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

অনুলিপি (কার্যার্থে):

১. যুগ্মপরিচালক (পাটবীজ), নশিপুর পাটবীজ উৎপাদন খামার, বিএডিসি,
২. উপপরিচালক (খামার),বীজ উৎপাদন খামার, বিএডিসি, পাথিলা/গোকুলনগর/তাম্বুলখানা/পাংশা/টেবুনিয়া/কুশাডাঙ্গা/মথুরা/ঠকুরগাঁও/মেহপুর বিএডিসি, পাবনা।
৩. উপপরিচালক (ডাল ও তৈল বীজ), ডাল ও তৈলবীজ খামার, বিএডিসি, ফরিদপুর।
৪. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫. জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বিএডিসি, ঢাকা।

অনুলিপি (জ্ঞাতার্থে):

১। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
২। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি. ঢাকা।

২৬.০৪.২৬
(মেছবাহউদ্দিন আহমেদ)
যুগ্ম পরিচালক (সবজি বীজ)
সবজি বীজ বিভাগ
বিএডিসি,ঢাকা।
ফোন: ২২২৩৩৮৫১০৯
ই-মেইল : jdvegbadc@gmail.com